

একুশের
বইমেলায়
সেজান
মাহমুদ এর
চারটি বই
প্রকাশিত


খবর ডেস্কঃ এবার একুশের বই মেলাতে সেজান মাহমুদ এর চারটি বই প্রকাশিত হচ্ছে। তাঁর নিরিক্ষাধর্মী



নাড়া দেবে বলে মত প্রকাশ করেছেন অনেকেই। প্রচ্ছদ
এঁকেছেন নাজীব তারেক।

বড়দের উপন্যাস প্রকাশ
করছে বাংলাদেশের
অন্যতম প্রকাশনী সংস্থা
সাহিত্য প্রকাশ। এই গ্রন্থটি
বাংলা সাহিত্যের গৎবাঁধা
ফরমের বাইরে পাঠককে

বাংলাদেশের
মুক্তিযুদ্ধের নৌ-
কমান্ডোদের
ভূমিকার অকথিত
গল্প নিয়ে রচিত,
১৯৯১ সালে
প্রকাশিত প্রথম
উপন্যাস 'অপারেশন
জ্যাকপট' এর



ইংরেজি সংস্করণ প্রকাশ করছে বাংলাপ্রকাশ। আজকে দেশে ও বিদেশে অসংখ্য তরুন প্রজন্ম যারা মাতৃভাষা ভালোভাবে রপ্ত করতে পারে নি তাদের কাছে মুক্তিযুদ্ধের এই ইতিহাস তুলে ধরার জন্য বিবিসি'র প্রাক্তন সাংবাদিক, অনুবাদক ও লেখক সাগর চৌধুরীর অনুবাদে অপারেশন জ্যাকপটের ইংরেজি ভাষান ২০০৯ সালের অমর একুশে বইমেলায় পাওয়া যাবে বাংলাপ্রকাশের স্টলে। এই বইটির আন্তর্জাতিক বাজারের দায়িত্বে আছে ইন্ডিয়ার বিশ্ববঙ্গ প্রকাশন, ডি কে বুক এজেনসিস লিমিটেড, নিউ দিল্লী, ইন্ডিয়া। এছাড়া উত্তর আমেরিকায় 'মুক্তধারা' ও লন্ডনে 'রূপসী বাংলা' পরিবেশকের দায়িত্বে থাকবে। বইটির প্রচ্ছদ এঁকেছেন ধ্রুব এষ।



আনকোরা নতুন ছড়ার বই 'ছড়ায় ছড়ায় সায়েন্স ফিকশন' প্রকাশ করছে আগামী প্রকাশনী। প্রথম আলোর গোল্লাছুটে প্রকাশিত 'হাবুর কলম' বা 'ভবিষ্যতের আলাপ' সহ আরও মজাদার নতুন ছড়া নিয়ে প্রকাশিত এই বই মনে করিয়ে দেয় সেই নব্বুই এর গণ-আন্দোলনের সময়কার

চৌকশ ছড়াকার সেজান মাহমুদ কে। চাররঙা মনকারা প্রচ্ছদ ও অলংকরণ করেছেন মামুন হোসেইন।

বাংলাদেশ শিশু একাডেমি থেকে পুরস্কার পাওয়া ছড়াগ্রন্থ 'হাবিজাবি' প্রকাশ করছে আগামী প্রকাশনী। এটি হাবিজাবির তৃতীয় সংস্করণ, এবং প্রথম চাররঙা আগামী সংস্করণ। প্রখ্যাত শিল্পী হাশেম খান এর আঁকা অনবদ্য প্রচ্ছদ ও অলংকরণে এই বইটি অবশ্যই সংগ্রহে রাখার মতো।

